


ইউনিক ইভেন্ট



NOV. 23 2002

**ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়**  
**'১৩৩ জন ছাত্রীর জীবনকে**  
**অন্ধকারের দিকে**  
**নেয়া হচ্ছে'**

উইমেল ভয়েস-এর নেতৃবৃন্দ ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়ের ১৩৩ জন ছাত্রীর অনিচ্ছিত ভবিষ্যৎ সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করে বলেন, ছাত্রীরা নিয়মমাফিক ভর্তি হয়েও ক্লাস করতে পারেনি। তাদের শিক্ষাজীবনকে ভয়ংকর অন্ধকারের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। আদালত ছাত্রীদের একাডেমিক কর্মকাণ্ডে বিঘ্ন সৃষ্টি না করার নির্দেশ দেয়া সত্ত্বেও ভিকারুননিসা স্কুল এণ্ড কলেজ কর্তৃপক্ষের আদেশে গেট বন্ধ করে রাখা হচ্ছে। উইমেল ভয়েসের সাধারণ সম্পাদক শ্যামলী নাসরিন চৌধুরী বিবৃতিতে অবিলম্বে সকল জটিলতা নিরসন করে ১৩৩ জন ছাত্রীর বিপর্যস্ত শিক্ষাজীবনের অবসান ঘটিয়ে তাদের নিয়মিত ক্লাস করার সুযোগ দেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে দাবী জানান।